

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নিয়ামতপুর, নওগাঁ।

পত্র নং-৩৩.০২.৬৪৬৯.৫০১.৩৬.০০১.২০২০.২২১


তারিখঃ ২০/০৪/২০২২ খ্রি.

কোটেশন বিজ্ঞপ্তি

নিয়ামতপুর উপজেলা সহ পার্শ্ববর্তী এলাকার প্রকৃত ব্যবসায়ী ও সরবরাহকারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্পের আওতায় ২০২১-২০২২ আর্থিক সনে মাছের খাদ্য, জীবন্ত মাছের পোনা, এ্যারেটর ০১ টি, সাইন বোর্ড একটি এবং অন্যান্য উপকরণ ক্রয়ের নিমিত্ত এতদসঙ্গে সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী স্ব স্ব ব্যবসায়ী প্রতিষ্ঠান ও সরবরাহকারীগণের প্যাডে সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সিলমোহরকৃত খামে কোটেশন আহবান করা যাচ্ছে। আগামী ২৬/০৪/২০২২ খ্রি. তারিখ বেলা ১২.৩০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করতে হবে এবং ঐদিন বেলা ২.০০ টার সময় কোটেশন দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করা যেতে পারে।

শর্তাবলী:

- ০১। নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে কোটেশন দাখিল করতে হবে। নির্ধারিত সময়ের পরে আর কোন কোটেশন গ্রহণ করা হবে না।
- ০২। কোটেশন ও কোটেশন খামের উপরে সরবরাহকারী/ব্যবসায়ী/ব্যক্তির স্বাক্ষর ও ঠিকানা থাকতে হবে।
- ০৩। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ কোটেশন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৪। কোটেশন দাতাকে চুক্তি সম্পাদনের যোগ্যতা অর্জনের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স এবং হালনাগাদ আয়কর সনদ এর সত্যায়িত কপি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।
- ০৫। নির্বাচিত কোটেশন দাতাকে ক্রয় আদেশ প্রদানের তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে মাছের খাদ্য, জীবন্ত মাছের পোনা, এ্যারেটর ০১ (এক) টি, সাইনবোর্ড ০১ (এক) টি এবং অন্যান্য উপকরণ সরবরাহ সম্পাদন করতে হবে এবং বিল পরিশোধের নিমিত্ত দুই প্রস্তুত বিল দাখিল করতে হবে। সরবরাহকারী/ প্রস্তুতকারী কর্তৃক প্রদত্ত বিল থেকে সরকারী বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স ও অন্যান্য কর কর্তন করতে হবে।
- ০৬। কোটেশন গ্রহণ/বাতিল করার সমুদয় ক্ষমতা কোটেশন কমিটি সংরক্ষণ করেন।


(মোঃ আইয়ুব আলী)
উপজেলা মৎস্য কর্মকর্তা
নিয়ামতপুর, নওগাঁ।

সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। উপ-পরিচালক, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০২। প্রকল্প পরিচালক, রাজশাহী বিভাগে মৎস্য সম্পদ উন্নয়ন প্রকল্প, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। জেলা মৎস্য কর্মকর্তা, নওগাঁ।
- ০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৬। উপজেলা অফিসার, নিয়ামতপুর, নওগাঁ।
- ০৭। জনাব..... নিয়ামতপুর, নওগাঁ।
- ০৮। দপ্তর নথি।